DPM (Agrd)
30/4/2024

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং- নং-পপঅ/আইইএম/বিজদি-র‍্যালি/২০১৬/২৩২৬/ ৬৪৭ তারিখ ৫১/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে র‍্যালি আয়োজন সাব কমিটির সভার কার্যবিবরণী ।

১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ ফজলুল হক-এর সভাপতিত্বে ২৯/০৬/২০১৬ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের ছোট সম্মেলন কক্ষে র‍্যালি আয়োজন সাব কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে রক্ষিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি জানান যে, বিশ্ব জনসংখ্যা দিবস একটি জাতীয় ও আর্ন্তজাতিক অনুষ্ঠান। মাননীয় প্রধানমন্ত্রীর শুভাগমনে এবারের জনসংখ্যা দিবস-২০১৬ বিশেষ তাৎপর্যপূর্ণ এবং সেকারণে জনসংখ্যা দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে র‍্যালি আয়োজন সাব কমিটির সকল সদস্যকে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে র‍্যালিকে সুশৃঙ্খল, সুসজ্জিত ও বর্ণাঢ্য করণের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে জনাব প্রবীর কুমার সেন, পপুলেশন কমিউনিকেশন অফিসার, আইইএম ইউনিট পর্যায়ক্রমে সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

২। সভায় সদস্য জনাব চয়ন সেনগুপ্ত, সহকারী পরিচালক, নিরীক্ষা ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর র‍্যালির আইন শৃংখলা রক্ষার নিমিত্ত আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী, পুলিশ ও ট্রাফিক পুলিশ বিভাগের কমিশনার/উপকমিশনার এবং সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পত্র প্রদানসহ র‍্যালিকে বর্ণাঢ্যরূপে আয়োজনের জন্য র‍্যালির শেষভাগে সুসজ্জিত ঘোড়ার গাড়ী ও সুসজ্জিত হাতি রাখার বিষয় তুলে ধরেন।

তিনি বিগত বছরের অভিজ্ঞতার আলোকে বলেন যে, প্রশাসন ইউনিটের নিয়ন্ত্রণাধীন গাড়ীগুলো জনসংখ্যা দিবস উদ্‌যাপন উপলক্ষে অতিরিক্ত ব্যবহার করার প্রয়োজন হয় কিন্তু জ্বালানীবাবদ সরকারী বরাদ্দ কম হওয়ায় এ বিষয়ে পরিচালক, আইইএমকে প্রয়োজনীয় সহযোগিতা করার অনুরোধ করা যেতে পারে মর্মে উল্লেখ করেন।

৩। সভায় সদস্য জনাব সেখ হাফিজ উদ্দিন, উপ-পরিচালক, নিরীক্ষা ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর র‍্যালিকে পূর্ববর্তী বছরের ন্যায় নিম্নোক্তভাবে ৩টি অংশে ভাগ করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন।

ক) ১ম ভাগে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও আমন্ত্রিত অতিথিবৃন্দকে ব্যানার সামনে রেখে এগিয়ে যাওয়া।

খ) ২য় অংশে অন্যান্য অতিথিবৃন্দ, এনজিওকর্মীবৃন্দ এবং

গ) শেষাংশে সুসজ্জিত ঘোড়ার গাড়ী, সুসজ্জিত হাতি এবং সুসজ্জিত যানবাহন রাখার পরামর্শ প্রদান করেন।

৪। সভায় সদস্য জনাব গোলাম ফারুক, ডিপিএম, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর র‍্যালিতে অংশগ্রহণকারীদের জন্য গেঞ্জি, টুপি এবং বৃষ্টি বাদল তথা আবহাওয়ার বিষয়টি বিবেচনা করে ছাতা দেওয়া যায় কি না সে বিষয়টি বিবেচনার অনুরোধ জানান।

৫। র‍্যালিকে সফল করার জন্য কেন্দ্রীয় পণ্যাগারের অতিরিক্ত পরিচালক(ড্রাগস এন্ড স্টোরস) জনাব মোঃ হানিফুর রহমান, অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনিস্টিটিউট, আজিমপুর, পরিকল্পনা ইউনিটের গবেষণা কর্মকর্তা জনাব হুমায়ুন কবীর, জনাব পীযুষ কান্তি দত্ত, বেগম আফরোজা সুলতানা এবং জনাব মাহমুদুর রহমান চৌধুরীকে শৃংখলা রক্ষার সদস্য হিসেবে অর্ন্তভূক্তির বিষয়ে সভাপতি মহোদয় প্রস্তাব করেন।

চলমান পাতা-০২

৬।   মীর্জা কামরুন্নাহার, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা সকল ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াকে পত্র প্রদান এবং তাদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয় উল্লেখ করেন। তিনি আরও জানান যে, ঢাকা জেলার তেজগাঁও ও মিরপুর থানার সংশ্লিষ্ট থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং এমও(এমসিএইচএফপি) এবং মহানগরীর সংশ্লিষ্ট এনজিওদের সাথে সভা করে র‍্যালিতে লোক সমাগমের বিষয়ে তিনি তার পক্ষ থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। এনজিওদের সমন্বয়ে জনসংখ্যা দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে একটি সভা অনুষ্ঠানের বিষয়েও তিনি সভাকে অবহিত করেন।

৭।  সভায় সদস্য জনাব খন্দকার মাহবুবুর রহমান, পিসিও, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর জানান যে, র‍্যালিতে স্কাউটস, গার্লস গাইড এবং বাদক দলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ইতোমধ্যে পরিচালক, আইইএম কর্তৃক সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে।

৮। সভার সদস্য জনাব মাহবুব আলম সিদ্দিকী, সহকারী পরিচালক (কমন সার্ভিস) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে র‍্যালিতে যথাসময়ে উপস্থিত থাকার বিষয়ে প্রস্তাব করেন এ বিষয়ে সকল ইউনিট ডাইরেক্টর/লাইন ডাইরেক্টরগণকে প্রশাসন ইউনিটের পক্ষ থেকে পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভার অপর সদস্য জনাব মোঃ তসলিম উদ্দিন খান, সহকারী পরিচালক(পার-২) সভাপতি মহোদয়কে জানান।

৯। সভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে র‍্যালি আয়োজন সাব কমিটির কোন সদস্য উপস্থিত থাকলে আরও গুরুত্বপূর্ণ কোন পরামর্শ/মতামত পাওয়া যেত বলে সভায় উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

১০। বিগত বছরের আলোকে আগামী বিশ্ব জনসংখ্যা দিবস ১১ জুলাই, ২০১৬ (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২১ জুলাই, ২০১৬ রোজ বৃহঃবার অনুষ্ঠিতব্য) উদ্‌যাপন উপলক্ষে র‍্যালিতে লোক সমাগম, বাদকদলের অংশগ্রহণ, দাওয়াতপত্র বিতরণে সহায়তা এবং র‍্যালিতে শৃংখলা রক্ষাসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক)   র‍্যালিকে বর্ণাঢ্য করার জন্য অংশগ্রহণকারীদের গেঞ্জী, ক্যাপ, ছাতা বিতরণের বিষয়ে পরিচালক, আইইএমকে সভার পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

খ)   র‍্যালির সম্মুখভাগে ব্যানারসহ প্রধান অতিথি এবং বিশেষ অতিথিবৃন্দ, মধ্যভাগে অতিথিবৃন্দ ও বিভিন্ন এনজিও কর্মী এবং শেষভাগে সুসজ্জিত ঘোড়ার গাড়ী, সুসজ্জিত হাতি ও এভি ভ্যান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সুসজ্জিত হাতি রাখার বিষয়ে মীর্জা কামরুন্নাহার, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা সংশ্লিষ্ট এনজিও কর্মীদের সাথে আলোচনাক্রমে ও তাদের সহযোগিতায় এতদ্বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

গ)   এমসিএইচটিআই, এমএফএসটিসি, এফডব্লিউভিটিআই ঢাকায় উক্ত দিনে জরুরী কাজে দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারী ব্যতীত অন্যান্য কর্মকর্তা-কর্মচারী এবং প্রশিক্ষণার্থীগণও তাদের নির্ধারিত ইউনিফরমসহ র‍্যালিতে উপস্থিত থাকার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পরিচালক (আইইএম) কর্তৃক সংশ্লিষ্টদের পত্র দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ)   জনাব পীযুষ কান্তি দত্ত, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিটকে এনজিওদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে তাদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ)   উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা মহোদয়ের নেতৃত্বে ঢাকা জেলার তেজগাঁও এবং মিরপুর থানার সংশ্লিষ্ট থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও এমও(এমসিএইচএফপি) এবং মহানগরীর সংশ্লিষ্ট এনজিওদের সাথে সভা করে র‍্যালিতে লোক সমাগম নিশ্চিতকরণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত অনুষ্ঠিত সভার একটি কার্যবিবরণী সভাপতি, র‍্যালি আয়োজন সাব কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

চ)   র‍্যালির আইন শৃংখলা রক্ষার্থে সংশ্লিষ্ট আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী পুলিশ, ট্রাফিক পুলিশ কমিশনার/উপকমিশনার ও সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিচালক, আইইএম কর্তৃক পত্র দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ)   সকল প্রিন্ট ও ইলেকট্রোনিক্স মিডিয়া, স্কাউট, গার্ল গাইডস ও বাদকদলকে পরিচালক (আইইএম) কর্তৃক পত্র দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

জ)   প্রেস ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদককে পরিচালক (আইইএম) কর্তৃক পত্র দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০৩

ঝ) উদ্বোধনী অনুষ্ঠানে ও র‍্যালিতে অতিথিদের দাওয়াত পত্র বিতরণে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঞ) র‍্যালির শুরু, মধ্যভাগ ও শেষে শৃংখলা রক্ষার্থে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্র: নং | অর্পিত দায়িত্ব | নাম ও পদবী |
|---|---|---|
| ১। | র‍্যালি শুরুর প্রথম থেকে শেষ পর্যন্ত শৃংখলা রক্ষার সার্বিক দায়িত্ব পালন করবেন | ১. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।<br>২. পরিচালক (অডিট), প: প: অধিদপ্তর।<br>৩. পরিচালক (উপকরণ ও সরবরাহ), প: প: অধিদপ্তর।<br>৪. পরিচালক (অর্থ), প: প: অধিদপ্তর।<br>৫. পরিচালক (পরিকল্পনা), প: প: অধিদপ্তর।<br>৬. পরিচালক (এমআইএস), প: প: অধিদপ্তর।<br>৭. পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা বিভাগ, ঢাকা।<br>৮. পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), প: প: অধিদপ্তর।<br>৯. লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি, পঃ পঃ অধিদপ্তর।<br>১০. পরিচালক (এমএফএসটিসি), মোহম্মদপুর, ঢাকা।<br>১১. তত্ত্বাবধায়ক (এমসিএইচটিআই), আজিমপুর, ঢাকা।<br>১২. অধ্যক্ষ, এফডব্লিউভিটিআই, আজিমপুর, ঢাকা। |
| ২। | র‍্যালির সম্মুখভাগের শৃংখলার দায়িত্ব পালন করবেন | ১. পরিচালক(পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।<br>২. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।<br>৩. পরিচালক (অডিট),প: প: অধিদপ্তর।<br>৪. পরিচালক (অর্থ), প: প: অধিদপ্তর।<br>৫. পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), প: প: অধিদপ্তর।<br>৬. বেগম সাবিনা পারভীন, উপপরিচালক(বৈঃসঃ), উঃসঃ ইউনিট।<br>৭. ডাঃ মোঃ শামসুল করিম, উপপরিচালক, এফএসডিপি ইউনিট।<br>৮. মীর্জা কামরুন নাহার, উপপরিচালক (প:প:), ঢাকা।<br>৯. বেগম জাকিয়া আখতার, উপপরিচালক (পিএম),আইইএম ইউনিট।<br>১০. জনাব মো: হুমায়ুন কবির, সহকারী প্রধান-২, পরিকল্পনা ইউনিট।<br>১১. ডাঃ মাহমুদুর রহমান, সহকারী পরিচালক, সিসিএসডিপি ইউনিট।<br>১২. জনাব মতিউর রহমান, সহকারী পরিচালক (সমন্বয়)।<br>১৩. বেগম আইরিন আক্তার, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট। |

চলমান পাতা-০৪

| | | |
|---|---|---|
| ৩। | র‍্যালির মধ্যভাগের শৃংখলার দায়িত্ব পালন করবেন | ১. জনাব হানিফুর রহমান, অতিরিক্ত পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার।<br>২. জনাব মোঃ আব্দুর রহিম চৌধুরী, সহকারী পরিচালক(পার-১)।<br>৩. জনাব তসলিম উদ্দিন খান, সহকারী পরিচালক (পার-২)।<br>৪. জনাব শফিউল হক, সহকারী পরিচালক, এমআইএস ইউনিট।<br>৫. ডাঃ ফরিদ উদ্দিন আহম্মেদ ,সহঃ পরিচালক, এমসিএইচ ইউনিট।<br>৬. ডাঃ নিয়াজ মোহাম্মদ কামালী, সিসিএসডিপি ইউনিট।<br>৭. বেগম আফরোজা সুলতানা, সহকারী প্রধান-১, পরিকল্পনা ইউনিট।<br>৮. জনাব পীযুষ কান্তি দত্ত, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট।<br>৯. জনাব মোঃ আজিজ সেলিম দুররানী, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট।<br>১০. জনাব গোলাম ফারুক, ইভ্যালুয়েশন কর্মকর্তা, এমআইএস ইউনিট।<br>১১. জনাব মোহাম্মদ বাদশা হোসেন, প: প: কর্মকর্তা, আইইএম ইউনিট। |
| ৪। | র‍্যালির শেষভাগের শৃংখলার দায়িত্ব পালন করবেন | ১২. জনাব অজয় রতন বড়ুয়া, উপ- পরিচালক, এমআইএস ইউনিট।<br>১৩. জনাব মেহবুব মোর্শেদ(লিটু), উপ-পরিচালক, এমআইএস ইউনিট।<br>১৪. জনাব চয়ন কুমার সেনগুপ্ত, সহকারী পরিচালক, নিরীক্ষা ইউনিট।<br>১৫. ডাঃ কেসি মতিউল আলম, সহকারী পরিচালক ,সিসিএসডিপি।<br>১৬. জনাব মোঃ আবুল কালাম আজাদ, হিসাব রক্ষণ কর্মকর্তা, নিরীক্ষা ইউনিট।<br>১৭. জনাব মাহমুদুর রহমান চৌধুরী, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট।<br>১৮. জনাব খন্দকার মাহবুবুর রহমান, পিসিও, আইইএম ইউনিট।<br>১৯. থানা পঃ পঃ কর্মকর্তা, মিরপুর, ঢাকা।<br>২০. থানা প: প: কর্মকর্তা, তেজগাঁও, ঢাকা।<br>২১. এমও(এমসিএইচএফপি)(সকল), মিরপুর, ঢাকা।<br>২২. এমও(এমসিএইচএফপি)(সকল), তেজগাঁও, ঢাকা।<br>২৩. জনাব সবুক্তগীন আহম্মেদ, সহকারী পঃপঃ কর্মকর্তা, প্রশাসন ইউনিট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় র‍্যালিকে বর্ণাঢ্য, সুন্দর ও স্বার্থক করে তোলার বিষয়ে সবার সহযোগিতা একান্তভাবে কামনা করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ফজলুল হক
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন) এবং
আহ্বায়ক, র‍্যালি আয়োজন সাব কমিটি।

চলমান পাতা-০৫

নং-পপঅ/আইইএম/বিজদি-র‍্যালি/২০১৬/২৩২৬/৮৪৭/২(৫০)　　　　তারিখ ঃ২৭/০৬/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব(প.ক ও কার্যক্রম), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব(পক), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব(পক-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)................................... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৭। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (পক-১)/ উপসচিব (পক), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। পরিচালক (এমএফএসটিসি),মোহাম্মদপুর, ঢাকা।
১২। তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব (পক-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা জেলা।
১৫। ডাঃ ফাহমিদা সুলতানা, উপ-পরিচালক, এমসিএইচ সার্ভিসেস।
১৬। জনাব সেখ হাফিজ উদ্দিন, উপপরিচালক, নিরীক্ষা ইউনিট।
১৭। জনাব মোঃ আব্দুর রহিম চৌধুরী, সহকারী পরিচালক(পার-১)
১৮। জনাব মো: তসলিম উদ্দিন খান, সহকারী পরিচালক (পার-২)।
১৯। জনাব মো: মাহবুব আলম সিদ্দিকী, সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
২০। জনাব গোলাম ফারুক, ডিপিএম, এমআইএস ইউনিট
২১। জনাব খন্দকার মাহবুবুর রহমান, পিসিও, আইইএম ইউনিট।
২২। বেগম আইরিন আক্তার, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট।
২৩। জনাব পীযুষ কান্তি দত্ত, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ইউনিট।
২৪। জনাব/বেগম:.............................................।
২৫। বেগম রেহেনা ফেরদৌসি, সহঃ পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আইইএম ইউনিট।
২৬। মহাপরিচালক/পরিচালক(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২৭। পরিচালক (আইইএম) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২৭/০৬/১৬

প্রবীর কুমার সেন
পপুলেশন কমিউনিকেশন অফিসার
এবং
সদস্য সচিব
র‍্যালি আয়োজন সাব কমিটি।